

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.১৪০.০১১.০১.০০.০০৮.২০১৪-৬৬২

তারিখ ০১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ
১৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম), মহাখালী, ঢাকা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশাঃ-২/মেকহা/ইনঃহাসঃ/সিএস-অন্যান্য/আউট সোর্সিং-১১/১৯(অংশ-১)/৭৫৪, তারিখঃ ১০/০২/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম), মহাখালী, ঢাকা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত ১১টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হলো ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ


প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	মন্তব্য/ছাড়পত্র না দেওয়ার কারণ
জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম), মহাখালী, ঢাকা	১	সীট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০৩	০৩	
	২	কম্পিউটার অপারেটর	০৩	০৩	
	৩	প্রজেকশনিষ্ট	০১	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৪	সহকারী লাইব্রেরিয়ান	০১	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৫	অডিও ভিজুয়াল হেলপার	০১	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৬	গাড়ী চালক	০২	০২	
	৭	লাইব্রেরী সহকারী	০১	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৮	ফিল্ড এ্যাসিস্টেন্ট	০২	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৯	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৫	০৩	নিয়োগ বিধির শর্ত মোতাবেক ৩০% হিসেবে ০২টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য
	১০	মেকানিক্স (গ্রেড-১৬)	০১	--	নিয়োগবিধিমালায় ১৬ গ্রেডের মেকানিক পদ নাই
সর্বমোট ১১টি					

শর্তাবলীঃ

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। তবে কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা-২০১৯ অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য শূন্য পদে এবং আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;

চলমান পাতা-২

- (৬) বর্তমানে ছাড়কৃত ১১টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিলুপ্তি মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- (৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃজনের আদেশে পদ থাকলে ২০১৮ এর নিয়োগ বিধিমালার তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবেনা;
- (৮) 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' তে অন্তর্ভুক্ত নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না (কম্পিউটার অপারেটর পদ ব্যতীত) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নিয়োগযোগ্য প্রতিটি পদের ১০% শূন্য রাখতে হবে;
- (৯) প্রস্তাবকৃত শূন্যপদ পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা মোকদ্দমা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।



(মোঃ আবদুহু সালাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

পরিচালক

জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম)

মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।